

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪০৫
আগরতলা, ২ সেপ্টেম্বর, ২০২০

কোভিড ট্রিটমেন্ট সেন্টারের রোগীদের চিকিৎসা প্রদানে
সেবার মনোভাব নিয়ে কাজ করতে হবে : মুখ্যমন্ত্রী

বর্তমান কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে রাজ্যের প্রধান রেফারেল হাসপাতাল জিবি হাসপাতালের কোভিড ট্রিটমেন্ট সেন্টারের রোগীদের চিকিৎসা প্রদান করার ক্ষেত্রে চিকিৎসক, নার্স সহ সকলস্তরের চিকিৎসাকর্মীদের দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। পাশাপাশি এ সময়ে চিকিৎসক সহ সব চিকিৎসাকর্মীদের সেবার মনোভাব নিয়েও কাজ করার পরামর্শ দেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। মুখ্যমন্ত্রী আজ আগরতলা গর্ভমেন্ট মেডিক্যাল কলেজে চিকিৎসার সাথে জড়িত চিকিৎসক এবং প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সাথে জিবি হাসপাতালের কোভিড ট্রিটমেন্টের যাবতীয় চিকিৎসা ব্যবস্থাপনা এবং হাসপাতালের অন্যান্য স্বাস্থ্য পরিকাঠামো সংক্রান্ত বিষয়গুলি নিয়ে পর্যালোচনা করেন। সভায় করোনা সংক্রমণ প্রতিরোধ এবং চিকিৎসা পরিসেবায় যেসমস্ত ব্যবস্থা নেওয়া হয়েছে সে বিষয়ে খোঁজখবর নেন।

জিবি হাসপাতালের কোভিড ট্রিটমেন্ট সেন্টারের চিকিৎসা পরিকাঠামো এবং পরিষেবার পর্যালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, হাসপাতালে যে পরিকাঠামো রয়েছে তা সঠিকভাবে কাজে লাগাতে হবে। তিনি বলেন, কোভিড ট্রিটমেন্ট সেন্টারের দায়িত্ব পালনে আরও আন্তরিক ও দায়িত্ববান হতে হবে। কারণ সবার আগে জনগণ। তাই চিকিৎসার সঙ্গে জড়িত বিভিন্ন স্তরের কর্মীদের মধ্যে সমন্বয় রেখে কাজ করতে হবে। সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় বর্তমান এই পরিস্থিতি থেকে উত্তরণ সম্ভব বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, জিবি হাসপাতালে নিয়মিত পানীয় জল সরবরাহ সহ বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক রাখার ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা রাখতে হবে। পাশাপাশি কোভিড ট্রিটমেন্ট সেন্টারকে প্রতিনিয়ত পরিষ্কার পরিচ্ছন্ন রাখাও প্রয়োজন। এজন্য জিবি হাসপাতালের কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তিনি নির্দেশ দেন।

কোভিড-১৯ পরিস্থিতির পর্যালোচনা করে মুখ্যমন্ত্রী আরও বলেন, চিকিৎসকরা যেন সুরক্ষামূলক ব্যবস্থা নিয়েই কোভিড ওয়ার্ডে প্রবেশ করেন। পাশাপাশি হাসপাতালের সাফাই কর্মীদের জন্য সময়সূচি তৈরি করে দেওয়ার কথাও তিনি উল্লেখ করেন। পর্যালোচনা সভায় কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় রাজ্যের চিকিৎসা পরিষেবাকে আরও উন্নত করার ক্ষেত্রে কিকি ব্যবস্থা নেওয়া প্রয়োজন সেই সম্পর্কে চিকিৎসক ও স্বাস্থ্য আধিকারিকগণ বিস্তারিতভাবে মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরেন। পর্যালোচনা সভায় অতিরিক্ত মুখ্যসচিব (স্বাস্থ্য দপ্তরের দায়িত্ব প্রাপ্ত) এস কে রাকেশ, মুখ্যমন্ত্রীর বিশেষ সচিব প্রশান্ত কুমার গোয়েল, স্বাস্থ্য অধিকর্তা শুভাশিষ দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন।
